

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
'সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে জাতীয় সমন্বয় কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

১.১। কমিটির গঠন :

- |  |   |                 |
|--|---|-----------------|
| (১) প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার               | : | সভাপতি          |
| (২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়                            | : | সহ-সভাপতি       |
| (৩) প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা বিষয়ক উপদেষ্টা                  | : | প্রধান সমন্বয়ক |
| (৪) মন্ত্রিপরিষদ সচিব  | : | সদস্য           |
| (৫) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়        | : | সদস্য           |
| (৬) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ             | : | সদস্য           |
| (৭) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ                          | : | সদস্য           |
| (৮) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর<br>(ডিজিএফআই) | : | সদস্য           |
| (৯) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই)   | : | সদস্য           |

( ১৭৩৩৯ )

মূল্য : টাকা ৪-০০

(১০) মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেল : সদস্য  
(এনটিএমসি)

(১১) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) : সদস্য।

**১.২। সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ অব পুলিশ (এসবি) : সদস্য

(২) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, ক্রিমিনাল ইনভেস্টিগেশন : সদস্য  
ডিপার্টমেন্ট (সিআইডি)

(৩) প্রধান কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স : সদস্য  
ইউনিট (বিএফআইইউ)

(কমিটি কর্তৃক আহ্বান করা হলে যোগদান করবেন এবং কমিটির  
চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন)

(৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জাতীয় নিরাপত্তা সংক্রান্ত সেল, : সদস্য  
মন্ত্রিপরিষদ বিভাগ

(৫) অতিরিক্ত পুলিশ কমিশনার, : সদস্য  
কাউন্টার টেরোরিজম ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট

(৬) অতিরিক্ত পুলিশ কমিশনার, এন্টি টেরোরিজম ইউনিট : সদস্য।

**১.৩। কমিটির কার্যপরিধি :**

(১) সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়াদি, ক্ষেত্র ও পরিধি  
নির্ধারণ;

(২) সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে কমিটি কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট  
বিষয়সমূহের উপর একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন;

(৩) দেশের সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা পরিস্থিতি মূল্যায়ন করতঃ এতদসংক্রান্ত  
বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অগ্রাধিকার নির্ধারণ এবং আন্তঃসংস্থা বাস্তবায়ন  
তদারকিকরণ;

(৪) সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে কমিটি কর্তৃক নির্ধারিত বিভিন্ন  
সংশ্লিষ্ট বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংস্থাসমূহের কার্যপরিধি এবং  
ক্ষেত্র নির্ধারণ;

(৫) সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রচলিত আইন ও বিধি-বিধান  
পর্যালোচনা করতঃ প্রয়োজনে প্রচলিত আইন ও বিধি-বিধান সংশোধন ও সংস্কার  
এবং নতুন আইন ও বিধি-বিধান প্রণয়নে সুপারিশকরণ; এবং

- (৬) সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে কমিটি কর্তৃক নির্ধারিত সকল ধরনের সংশ্লিষ্ট ক্ষেত্র, সংস্থা ও অনলাইন প্ল্যাটফর্মসমূহ নিয়মিতভাবে তদারকির ব্যবস্থা গ্রহণ এবং তদনুযায়ী গোয়েন্দা ও আইন-শৃঙ্খলা বাহিনীর মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন ও নির্দেশনা প্রদান।
- ১.৪। কমিটির সভা প্রতি তিন মাসে/প্রতি মাসে ন্যূনতম একবার অনুষ্ঠিত হবে।
- ১.৫। কমিটি প্রয়োজন ও ক্ষেত্র বিবেচনায় সশস্ত্র বাহিনী ও অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থার প্রধান বা অন্য কোনো কর্মকর্তাকে কমিটিতে সদস্য/সহায়তাদানকারী কর্মকর্তা হিসেবে নির্দিষ্ট সময়ের জন্য কো-অপ্ট করতে পারবে।
- ১.৬। কমিটির সচিবালয়: জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) কর্তৃক কমিটির সচিবালয় সংক্রান্ত প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধা প্রদান করা হবে। তবে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সভাপতির নির্দেশক্রমে পরবর্তীতে অন্য যে কোনো গোয়েন্দা সংস্থা/আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থা কর্তৃক নির্ধারিত মেয়াদে কমিটির সচিবালয়ের দায়িত্ব পালন করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হাম্মান কবির)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ০২-২২৬৬৪১০০১

e-mail: addl\_ce@cabinet.gov.bd